আলমডাঙ্গার মাধবপুরে গাছের গুড়ির আঘাতে স্কুলছাত্রের মৃত্যু

আলমডাঙ্গার মাধবপুরে গাছের গুড়ি, আলমসাধু গাড়িতে তুলতে গিয়ে ছিটকে পড়ে আঘাত প্রাপ্ত হয়ে এক স্কুল ছাত্র নিহত হয়েছে। রবিবার সকাল সাড়ে ৮টার দিকে উপজেলার ডাউকি ইউনিয়নের মাধবপুর গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত হযরত (১৪) উপজেলার ডাউকি ইউনিয়নের মাধবপুর গ্রামের হাবিল উদ্দিনের ছেলে। সে স্থানীয় মাধবপুর মডেল মাধ্যমিক হাইস্কুলের ৮ম শ্রেণীর শিক্ষার্থী ছিল।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, রবিবার সকালে মাধবপুর গ্রামের গাছ ব্যবসায়ী নুরজার হোসেন গাছের কাটা অংশ আলমসাধু গাড়িতে তুলছিলেন। একটি বড় গাছের কাটা অংশ গাড়িতে তুলতে স্কুলছাত্র হযরত ডেকে নেয়। এসময় গাড়ি থেকে একটি গাছের গুড়ি ছিটকে হযরতের শরীরে আঘাত করে । এতে সে মাথা ও মুখে গুরুত্বর আঘাত পেয়ে ঘটনাস্থলেই মারা যায়। এ ঘটনায় এলাকায় উত্তেজনা দেখা দেয়। খবর পেয়ে দুপুর ১২টার দিকে পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ঘটনার পর থেকে অভিযুক্ত গাছ ব্যবসায়ী নুরজার পালিয়েছেন।

স্থানীয় ইউপি সদস্য আনিসুজ্জামান জানান, স্কুলছাত্রের বাড়ির পাশেই গাছ ব্যবসায়ীরা আলমসাধু গাড়িতে গাছের গুড়ি তুলছিল। ওই স্কুল ছাত্র গাছের গুড়ি তুলতে সাহায্য করতে গেলে গাড়ি থেকে গাছের কাটা গুড়ি তার শরীরের উপর ছিটকে পড়ে। ঘটনাস্থলেই সে মারা যায়।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ বলেন, সকালে গাছের গুড়ি তুলতে গিয়ে এক স্কুলছাত্র নিহত হয়েছে। ঘটনাস্থলে পুলিশ উপস্থিত হয়ে লাশের সুরতহাল করেন। অভিযোগ পেলে, তদন্ত সাপেক্ষে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।